

Buniadpur Mahavidyalaya

Internal Examination-2021

Bengali Honours

Paper :IV-A,B

Full Marks-100

IV-A

প্রতিটি প্রশ্নের উত্তর দাওঃ(সময়-৩০ মিনিট)১০X২=২০

১। নীচের কোনটি ব্যক্তিনিষ্ঠ প্রবন্ধ-

(a) বিচিত্রপ্রবন্ধ (b) পদার্থবিদ্যা (c) বিজ্ঞান রহস্য (d) শকুন্তলা।

২। রবীন্দ্রনাথ ঠাকুর 'রামায়ণ' প্রবন্ধটি লেখেন দীনেশচন্দ্র সেনের কোন প্রবন্ধের ভূমিকা রূপে?

(a) 'রামায়ণীকাব্য' (b) 'রামায়ণপাঁচালী' (c) 'রামায়ণীগল্প' (d) 'রামায়ণীকথা'।

৩। রবীন্দ্রনাথের 'ছিন্নপত্র' কত সালে প্রকাশিত হয়?

(a) ১৩২৯সালে (b) ১৩৩৯সালে (c) ১৩১৯সালে (d) ১৩০৯সালে।

৪। শ্রীশ্রীশচন্দ্র মজুমদারকে লেখা কয়টি পত্র 'ছিন্নপত্রে' স্থান পেয়েছে?

(a) ৬টি (b) ৮টি (c) ৯টি (d) ৭টি।

৫। বঙ্কিমচন্দ্রের মতে 'রামায়ণ' কাব্যটি হল-

(a) আখ্যানকাব্য (b) খন্ডকাব্য (c) দৃশ্যকাব্য (d) গীতিকাব্য।

৬। "যাহাদের আত্মসম্মাঞ্জান দৃঢ় তাহারা সর্বদা অভিমান প্রকাশ করিতে অবজ্ঞা করিয়া থাকে"
-উদ্ধৃতিটি কোন প্রবন্ধের অন্তর্গত ?

(a) রামায়ণ (b) গীতিকাব্য (c) কবিগান (d) শকুন্তলা।

৭। "সংসারে ক্ষুদ্র কালটাই সত্য হয়ে দেখা দেয় কুমু, চিরকালটা থাকে আড়ালে" -একথা বলেছে

(a) বিপ্রদাস (b) কুমুদিনী (c) মধুসূদন (d) কেউ নয়।

৮। গোপাল হালদারের মনে করেন ডাক্তার ভূপেন্দ্রনাথ দত্ত, অধ্যাপক ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়, এবং সুনীতিকুমার চট্টোপাধ্যায় প্রমুখরা আমাদের চিনতে সাহায্য করেছেন-

(a) বাঙালির চিন্তা ও চেতনা (b) বাঙালির সংস্কৃতি এবং তার স্বরূপ (c) বাঙালার সমাজ ও তার স্বরূপ (d) বাঙালির নমনীয় মানসিকতা।

৯। মেকিয়াভেলির কোন গ্রন্থটি ইউরোপের সাহিত্য ও রাজনৈতিক দর্শন হিসেবে অতুলনীয় গ্রন্থ?

Ⓐ দি ইউরোপীয়ান কালচার Ⓑ দি প্রিন্স Ⓒ দি ইউরোপীয়ান ট্রাডিশান Ⓓ কোনটিই নয়।

১০। প্রমথ চৌধুরী কত বছর বয়সে কৃষ্ণনগরে আসেন?

Ⓐ ৬বছর বয়সে Ⓑ ৫বছর বয়সে Ⓒ ৮বছর বয়সে Ⓓ ৫বছর বয়সে।

PAPER : IV-B

১। যেকোন তিনটি প্রশ্নের উত্তর দাওঃ

১০x২=৩০

ক) কোন ধরনের রচনাকে ডায়ারি বলা হয় ? ডায়ারিতে লেখকের জীবনের কি পরিচয় উদ্ঘাটিত হয়?

অথবা

খ) ভ্রমণ সাহিত্য কাকে বলে ? ভ্রমণ সাহিত্যের বৈশিষ্ট্য আলোচনা করে একটি উৎকৃষ্ট বাংলা ভ্রমণ সাহিত্যের পরিচয় দাও।

২। নীচের প্রশ্নগুলির উত্তর দাও (যেকোন ৪টি) : প্রতিটি প্রশ্নের পূর্ণমান ১৫

ক) 'মেঘদূত' প্রবন্ধ অবলম্বনে রবীন্দ্রনাথের প্রাচীন সৌন্দর্য্যপ্রীতির পরিচয় দাও।

খ) 'ছিন্নপত্র' পত্রসাহিত্য হিসাবে কতটা সার্থক আলোচনা করো।

গ) বঙ্কিমচন্দ্র তাঁর 'গীতিকাব্য' প্রবন্ধে গীতিকাব্যের স্বরূপ সম্পর্কে যে আলোচনা করেছেন তা লেখ।

ঘ) রবীন্দ্র সমালোচনায় বুদ্ধদেব বসু যে অজিত কুমার চক্রবর্তীর বিশেষ ভূমিকার কথা উল্লেখ করেছেন 'রবীন্দ্র জীবনী ও রবীন্দ্র সমালোচনা' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

অথবা

ঙ) 'এ আমির আবরণ' প্রবন্ধে শঙ্খ ঘোষ গানে'র যে বিশেষ ভূমিকার কথা বলেছেন তা প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।

